

তারিখ --- --- --- --- ---
স্টাফ --- --- --- --- ---

প্রাইভেট টিউশনি নিষিদ্ধ করা হচ্ছে

স্টাফ রিপোর্টার : দেশে প্রাইভেট টিউশনি
বন্ধের চিন্তা-ভাবনা চলছে। এ ব্যাপারে
শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গতকাল
বলেছেন, ক্লাসে যথাযথ পাঠদান না করে
কোন শিক্ষকের ক্লাসের বাইরে প্রাইভেট
টিউশনির ব্যবস্থা করা সম্পূর্ণ বেআইনী।
সরকারী-বেসরকারী কোন শিক্ষকরা যাতে
ক্লাসের বাইরে পাঠদান করতে উৎসাহী না
হন এবং ছাত্রদের প্রতারণা করতে না
পারেন সেজন্য প্রাইভেট টিউশনি নিষিদ্ধ
৭-এব পৃ: ৬-এব ক: শেখুন

প্রাইভেট টিউশনি

প্রথম পৃষ্ঠার পর।

ঘোষণা করে আইন প্রণয়ন করা হবে।
আমাদের পাশের দেশ ভারতেও সম্প্রতি
শিক্ষকদের প্রাইভেট টিউশনি নিষিদ্ধ করা
হয়েছে। মন্ত্রী বলেন, কোন শিক্ষক
ছাত্রছাত্রীদের আলাদা বা বিশেষভাবে শিক্ষা
দিতে চাইলে তিনি নির্ধারিত ক্লাস সময়ের
পরেও আলাদা ক্লাস নিতে পারেন এবং
স্কুল-কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে এ ব্যাপারে
ঐ শিক্ষা প্রতিষ্ঠানেই আলাদা কোর্সিং-এরও
ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু নির্ধারিত
শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে শিক্ষকরা
ছাত্রছাত্রীদের পড়াতে পারবেন না। তিনি
বলেন, স্কুল-কলেজ চলার সময় কোন
শিক্ষক ঐ প্রতিষ্ঠানের বাইরে থাকতে
পারবেন না- এ মর্মে ইতিমধ্যে একটি
সার্কুলারও জারি করা হয়েছে। মন্ত্রী জানান,
বেসরকারী স্কুল-কলেজে শিক্ষক-শিক্ষিকা
নিয়োগের লক্ষ্যে শিগগিরই টিচিং সার্ভিস
কমিশন নামে একটি পৃথক সংস্থা গঠিত
হচ্ছে। এই সংস্থা বা কমিশন গঠনের
প্রক্রিয়া বর্তমানে দ্রুততম পর্যায়ে রয়েছে।
তিনি বলেন, পরীক্ষার নকল স্থায়ীভাবে বন্ধ
করার উদ্দেশ্যে এবং শিক্ষার মানোন্নয়নের
জন্য, শিক্ষক প্রশিক্ষণ, পাঠসূচী
আধুনিকীকরণ, সেমিস্টার পদ্ধতি চালু,
বর্তমান পাঠ ব্যবস্থা ও পরীক্ষা পদ্ধতি
পরিবর্তন, শিক্ষকদের এবং ছাত্রছাত্রীদেরও
স্কুল-কলেজমুখী করার ও নিয়মিত ক্লাস
অনুষ্ঠানের পদক্ষেপ নেয়া হয়েছে। মাদ্রাসা
শিক্ষা প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, মাদ্রাসা
শিক্ষার কারিকুলাম আধুনিক করা হবে।